দৈনিক ইত্তেফাক

তারিখ 3.0 APR.1991
পৃষ্ঠা ... কলাম ... ৪

214

# চাঁদা আদায়ের অভিযোগে বঙ্গবন্ধু হলের ভিপি গ্রেফতার

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (সোমবার) এলিফ্যান্ট রোডের দুইটি ঔষধের দোকানে চাঁদা আদায়ের অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান হল ছাত্র সংসদের ভিপি নজরুল ইসলাম বাবুকে পুলিশ গ্রেফতার করিয়াছে।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## চাঁদা আদায়ের

(১ম পৃঃ পর)

পুলিশ সূত্রে জানা যায়, বাবু তাহার দুই সহযোগী লিটন ও ফারুককে নিয়া এলিফ্যান্ট রোডের একটি হোটেলে খাবার খায় কিন্তু খাবারের বিল পরিশোধ না করিয়া উঠিয়া যায়। তাহারা জনপ্রিয় এবং ইকবাল নামে দুইটি ফার্মেসীতে চাঁদা দাবী করে। ফার্মেসীতে কর্তব্যরত লোকজন চাঁদা দিতে অস্বীকার করায় ফার্মেসীতে ভাঙ্গচুর শুরু হয়। এই সময় রমনা থানার এসি এলাকা অতিক্রমকালে বাবুকে গ্রেফতার করে। লিটন ও ফারুক পালাইয়া যায়।